

32751 - গরীব লোক ও তার পরিবারের উপর কি ফিতরা ফরয?

প্রশ্ন

জনৈক গরীব লোক তার মা-বাবা ও সন্তানাদি নিয়ে গঠিত পরিবার চালায়। টেন্ডল ফিতরের দিন তার কাছে কেবল এক সা' খাবার থাকে। সুতরাং এই ব্যক্তি কার পক্ষ থেকে ফিতরা পরিশোধ করবে?

প্রিয় উত্তর

প্রশ্নকারী গরীব ব্যক্তির যে অবস্থার কথা উল্লেখ করেছেন যদি প্রকৃত অবস্থা এমন হয় তাহলে এই গরীব ব্যক্তি তার নিজের পক্ষ থেকে এক সা' খাদ্য ফিতরা হিসেবে পরিশোধ করবেন; যদি এক সা' খাদ্য তার নিজের ও তার পরিবারের সদস্যদের টৈদের দিন ও রাতের প্রয়োজনের অতিরিক্ত হয়। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “আপনি নিজেকে দিয়ে শুরু করুন। এরপর আপনি যাদের ভরণপোষণ করেন তাদের দিয়ে”।[সহিহ বুখারী (২/১১৭), (৬/১৯০) ও সহিহ মুসলিম (২/৭১৭, ৭১৮, ৭২১) নং ১০৩৪, ১০৩৬, ১০৪২]

পক্ষান্তরে, গরীব ব্যক্তি যাদের ভরণপোষণ চালান তাদের কাছে যদি নিজেদের ফিতরা নিজেরা পরিশোধ করার মত কিছু না থাকে তাহলে তাদের উপর থেকে ফিতরা মওকুফ হয়ে যাবে। যেহেতু আল্লাহ্ বলেছেন: “আল্লাহ্ কোন ব্যক্তির উপর তার সাধ্যের অতিরিক্ত কোন দায়িত্ব আরোপ করেন না।”[সূরা বাকারা, আয়াত: ২৮৬] এবং যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “স্বচ্ছলতা ছাড়া ফিতরা নেই।”[সহিহ বুখারী (২/১১৭, ৬/১৯০), সহিহ মুসলিম (২/৭১৭, নং ১০৩৪)] এবং যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “আমি যখন তোমাদেরকে কোন নির্দেশ দেই তখন যতটুকু পার ততটুকু পালন করা।”

আল্লাহই তাওফিকদাতা